

দেশের অন্যতম বেসরকারি বিশ্ববিদ্যালয় উত্তরা ইউনিভার্সিটির সপ্তম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে গতকাল রবিবার। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি সমাবর্তনের সভাপতি হিসেবে এতে উপস্থিত ছিলেন। রাজধানীর বসুন্ধরা ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারের নবরাত্রি হলে এই অনুষ্ঠান হয়।

সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক বিশ্বজিৎ চন্দ।

#### বিজ্ঞাপন

এতে শুভেচ্ছা বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম আজিজুর রহমান।

অনুষ্ঠানে ডা. দীপু মনি বলেন, ‘দেশের চতুর্থ শিল্প বিপ্লবের প্রসার ও বাস্তবায়নে গ্র্যাজুয়েটদের মুখ্য ভূমিকা রাখতে হবে। উত্তরা ইউনিভার্সিটি বিগত ১৯ বছরে প্রমাণ করেছে, এটি শুধু শিক্ষাপ্রতিষ্ঠান নয়; এটি আমাদের সামাজিক, অর্থনৈতিক, মানবিক ও প্রযুক্তিগত উন্নয়নে সচেষ্ট রয়েছে। ’

বিশ্বজিৎ চন্দ বলেন, ‘সমাবর্তন একটি বিশ্ববিদ্যালয়ের জন্য অত্যন্ত পবিত্র ও গুরুত্বপূর্ণ অনুষ্ঠান। এই শুভক্ষণে গ্র্যাজুয়েটদের সঙ্গে থাকতে পেরে আমি গৌরব বোধ করছি। ’ সংবাদ বিজ্ঞপ্তি।

সাতদিনের  
সেরা